

💵 নবী-রাসূলগণের দা'ওয়াতী মূলনীতি

বিভাগ/অধ্যায়ঃ ৫। আল্লাহর দিকে দা'ওয়াতের বিধি-বিধান (أحكام الدعوة إلى الله) রচয়িতা/সঙ্কলকঃ মুহাম্মাদ ইবনে ইবরাহীম আত-তুওয়াইজিরী

খ. দা'ওয়াতের অবস্থান (বা। إلى الله)

আল্লাহর দিকে দা'ওয়াত দানের মাধ্যমে তাঁর সৃষ্টির উদ্দেশ্য বাস্তবায়ন হয়। আর তা হলো, এক আল্লাহ তা'আলার ইবাদত করা, যার কোন শরীক নেই। অতএব, দা'ওয়াত সকল আমলের মূল। এর মাধ্যমে ফরয, সুন্নাত ও শিষ্টাচার জীবন পায় এবং এর মাধ্যমে দুনিয়ার সর্বত্র দ্বীন পুরোপুরি জীবিত থাকে। সুতরাং আল্লাহর দিকে দা'ওয়াত দান গুরু দায়িত্ব এবং আল্লাহর ইবাদত করা সর্ববৃহৎ কর্ম।

রাজার দায়িত্বের মতই দা'ওয়াত দেয়া বড় দায়িত্বপূর্ণ কাজ। আর অন্যান্য কাজ রাজার নিম্ন পর্যায়ের কর্মকর্তা-কর্মচারী ও সেবকদের কাজের মত। অনেক মানুষ সেবকের কাজ নিয়ে ব্যস্ত রয়েছে, অথচ নবী-রাসূলগণের কাজ আল্লাহর দিকে দা'ওয়াত প্রদান, সৎকাজের আদেশ, অসৎকাজ থেকে নিষেধ এবং মুসলিমদেরকে নছীহত প্রদানকে ছেড়ে দিয়েছে।

আল্লাহ তা'আলা বলেন:

(وَمَنْ أَحْسَنُ قَوْلًا مِمَّنْ دَعَا إِلَى اللَّهِ وَعَمِلَ صَالِحًا وَقَالَ إِنَّنِي مِنَ الْمُسْلِمِينَ (33)) [فصلت: 33]. 'আর তার চেয়ে কার কথা উত্তম, যিনি আল্লাহর দিকে দা'ওয়াত দেন, সৎকর্ম করেন এবং বলেন যে, অবশ্যই 'আমি মুসলিমদের অন্তর্ভুক্ত' (সূরা হা-মীম সাজদা: ৩৩)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9307

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন